

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮১০

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৬. তাসবীহ-এর ফ্যীলাত

بَابِ فَضْلِ التَّسْبِيح

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّثَنَا أَبُو يَحْيَى، زَكَرِيَّا بْنُ مَنْظُورِ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عُقْبَةَ بْنِ أَبِي مَالِكِ، عَنْ أُمِّ هَانِئٍ، قَالَتْ أَتَيْتُ إِلَى رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ دُلَّنِي عَلَى عَمَلٍ فَإِنِّي قَدْ كَبِرْتُ وَضَعَفْتُ وَبَدَّنْتُ . فَقَالَ " كَبِّرِي فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ دُلَّنِي عَلَى عَمَلٍ فَإِنِّي قَدْ كَبِرْتُ وَضَعَفْتُ وَبَدَّنْتُ . فَقَالَ " كَبِّرِي اللَّهَ مِائَةَ مَرَّةٍ وَاحْمَدِي اللَّهَ مِائَةً مَرَّةٍ وَسَبِّحِي اللَّهَ مِائَةَ مَرَّةٍ خَيْرٌ مِنْ مِائَةِ فَرَسٍ مُلْجَمٍ مُسْرَجٍ فِي سَبِيلِ اللَّهِ وَخَيْرٌ مِنْ مِائَةٍ بَدَنَةٍ وَخَيْرٌ مِنْ مِائَةٍ رَقَبَةٍ " .

বাংলা

ে/৩৮১০। উন্মু হানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এসে বললাম, ইয়া রাস্লাল্লাহ! আমাকে একটা আমল বলে দিন। কেননা এখন আমি তো বৃদ্ধ হয়ে পড়েছি, দুর্বল হয়ে গেছি এবং আমার দেহও ভারী হয়ে গেছে। তিনি বলেনঃ তুমি শতবার আল্লাহ আকবার, শতবার আলহামদু লিল্লাহ এবং শতবার সুবহানাল্লাহ পড়ো। তা জিনপোষ ও লাগামসহ একশত ঘোড়া আল্লাহর পথে (জিহাদে) দান করার চেয়ে উত্তম, একশত উটের চেয়ে উত্তম এবং একশত গোলাম আযাদ করার চেয়ে উত্তম।

English

It was narrated that Umm Hani' said:

"I came to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah, tell me of a (good) deed, for I have become old and weak and overweight.' He said: 'Proclaim the greatness of Allah (say Allahu Akbar) one hundred times, praise Allah (say Al-Hamdu Lillah) one hundred times, and glorify Allah (say Subhan-Allah) one hundred times. (That is) better than one hundred horses bridled and saddled for the sake of Allah, better than one hundred sacrificial camels, and better than (freeing) one hundred slaves.'"



ফুটনোট

আহমাদ ২৭৭২৩, ২৬৮৪৭, সহীহাহ ১৩১৬। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. আবু ইয়াহইয়া যাকারিয়া মানযুর সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ আল-আসকারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি সিকাহ নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৯৬, ৯/৩৬৯ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন উকবাহ বিন আবু মালিক সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার সম্পর্কে কিছু জানা যায়না। ইমাম বুখারী তার তারিখুল কাবীর এর মাঝে উল্লেখ করেছেন। তিনি ঐ দিকে ইশারা করেছেন যে, তার চাচা সা'লাবাহ বিন আবু মালিক ও ইবনু আব্বাস (রাঃ) থেকে হাদিস বর্ণনা করেছেন এবং তার থেকে যারিয়া বিন মানসুর ও মুহাম্মাদ বিন রিফাআহ হাদিস বর্ণনা করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৪৬৮, ২৬/১২১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন